সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 19 Nov 2026, 04:29 PM

আন্তর্জাতিক

বিশ্ববাজারে তেলের দাম ১১৫ ডলার ছাড়াল

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ৩০ অক্টোবর ২০২৬, ০৯:২৮ AM



ইয়েমেনের বিদ্রোহী গোষ্ঠী হুথিদের সৌদি আরবের জ্বালানি স্থাপনায় নতুন করে হামলা এবং হরমুজ প্রণালিকে ঘিরে উত্তেজনা বাড়ায় বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে। শুক্রবার (৩০ অক্টোবর) সকালে লেনদেনের শুরুতে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ১১৫ ডলার ছাড়িয়েছে। এতে বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহ বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।

ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, শুক্রবার গ্রিনিচ মান সময় রাত ১টা ২২ মিনিটে ব্রেন্ট ক্রুডের দাম ৮৬ সেন্ট বা শূন্য দশমিক ৭৫ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি ১১৫ ডলার ৭৪ সেন্টে দাঁড়িয়েছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের (ডব্লিউটিআই) দাম ৭২ সেন্ট বা শূন্য দশমিক ৭১ শতাংশ বেড়ে ১০২ ডলার ৭২ সেন্টে পৌঁছেছে।

এ নিয়ে টানা চতুর্থ মাসের মতো বাড়তে যাচ্ছে আন্তর্জাতিক বাজারে তেলের দাম। অক্টোবর মাসে ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ১৪ শতাংশ এবং ডব্লিউটিআইয়ের দাম প্রায় ১৫ শতাংশ বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।

এদিকে, সৌদি আরবের জ্বালানি স্থাপনায় হামলার দাবি করেছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। তাদের দাবি, দেশটির রাস তানুরা ও রাবিগ তেল শোধনাগারসহ আরামকোর আবকাইক স্থাপনায় হামলা চালানো হয়েছে। এসব হামলার খবরের পর জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ আরও বেড়েছে।

এদিকে হরমুজ প্রণালির দক্ষিণে অনুমোদনহীন একটি পথ দিয়ে চলাচলের সময় তিনটি ট্যাংকার সমুদ্রের মাইনে আঘাত পেয়ে আগুন ধরে যাওয়ার দাবি করেছে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী। বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহণপথ হরমুজ প্রণালিকে ঘিরে এমন উত্তেজনা তেলের বাজারে অস্থিরতা আরও বাড়িয়ে দিয়েছে।


এ বিভাগের আরও খবর



ইরানে নতুন হামলা হলে ইউরোপকে আরও বড় মূল্য দিতে হবে: আরাগচি
ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার কারণে ইউরোপের জ্বালানি ব্যয় ১০০ বিলিয়ন ইউরোর বেশি বেড়েছে বলে মন্তব্য করেছেন জার্মানির চ্যান্সেলর...



রাশিয়ার হামলা ঠেকাতে ইউক্রেনকে ৫০০ প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র দিচ্ছে যুক্তরাষ্ট্র
রাশিয়ার বিমান ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা মোকাবিলায় ইউক্রেনের জন্য ৫০০টি অত্যাধুনিক প্যাট্রিয়ট (পিএসি-৩) ক্ষেপণাস্ত্র বিক্রির অনুমোদন দ...



উত্তরাখণ্ডে হেলিকপ্টার বিধ্বস্ত, পাইলটসহ নিহত ৬

ভারতের উত্তরাখণ্ডের চামোলি জেলায় জোশিমঠ-বদ্রীনাথ রুটে একটি হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। এতে পাইলটসহ ছয়জন নিহত হয়েছেন। গতকাল শুক্রবার দুপুরে তু...



নতুন পার্লামেন্টের প্রথম দিনেই স্পিকার বদলের পরিকল্পনা নেতানিয়াহুবিরোধীদের

ইসরায়েলের নতুন পার্লামেন্টের কার্যক্রম শুরুর দিনেই স্পিকার আমির ওহানাকে পদ থেকে সরানোর উদ্যোগ নিতে যাচ্ছে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.seradealbd.com/international/bishbbajare-teler-dam-115-dlar-chharal